গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক প্রদানকৃত ফেলোশিপ/অনুদানের তথ্যাদি।

| ক্র: নং | ফেলোশিপ/অনুদানের বিষয় | অনুদান প্রাপ্তির জন্য আবেদনের যোগ্যতা: | বিজ্ঞপ্তি প্রদানের সময়কাল | আবেদন গ্রহণের শেষ সময়কাল |
|---|---|---|---|---|
| ০১ | **বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচি (বিশেষ গবেষণা অনুদান):** সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান/সংস্থার শিক্ষক/বিজ্ঞানী/গবেষকবৃন্দের গবেষণা প্রস্তাবের অনুকূলে বিশেষ গবেষণা অনুদান প্রদান করা হয়। | (ক) মুখ্য গবেষক/সহযোগী গবেষক উভয়কে অবশ্যই বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের এনলিস্টেড গবেষক হতে হবে (গবেষক আইডি থাকতে হবে) এবং গবেষকের প্রোফাইল অবশ্যই হালনাগাদ থাকতে হবে।<br>(খ) মুখ্য গবেষকের ফার্স্ট অথর/করেস্পন্ডিং অথর হিসেবে আন্তর্জাতিক/ জাতীয় মানসম্পন্ন/বিখ্যাত জার্নালে ন্যূনতম ৫টি প্রকাশনা/পেটেন্ট এবং সহযোগী গবেষকের আন্তর্জাতিক/জাতীয় মানসম্পন্ন/বিখ্যাত জার্নালে ন্যূনতম ৫টি প্রকাশনা/পেটেন্ট থাকতে হবে;<br>(গ) একজন শিক্ষক/গবেষক/বিজ্ঞানী একের অধিক গবেষণা প্রকল্পের মুখ্য গবেষক (Prinipal Investigator-PI)/সহযোগী গবেষক (Assosiate Investigator-AI) হিসেবে আবেদন করতে পারবেন না;<br>(ঘ) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজ/সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাব/বিজ্ঞান সমিতি/বৈজ্ঞানিক সংস্থার ক্ষেত্রে আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প প্রস্তাব অনলাইনে নির্ধারিত লিংকে নির্ধারিত তারিখের মধ্যে সাবমিট করতে হবে। অনলাইনে Mobile Financial Services (বিকাশ/নগদ/রকেট/ট্যাপ ইত্যাদি) এর মাধ্যমে আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা প্রযোজ্য হবে। | প্রতি বছরের মে মাসের মধ্যবর্তী সময় | প্রতি বছরের ৩০ জুন |
| ০২ | **জাতীয় ফেলোশিপ কর্মসূচির আওতায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (এনএসটি) ফেলোশিপ:** পাবলিক বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে অধ্যয়নরত/গবেষণারত এমএস, এমফিল ও পিএইচডি পর্যায়ের ছাত্র-ছাত্রী/গবেষকবৃন্দকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (এনএসটি) ফেলোশিপ প্রদান করা হয়। | (i) *লাগসই প্রযুক্তি ফেলোশিপ*: বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান/সরকার কর্তৃক অনুমোদিত কোন ইনস্টিটিউট এর অধীনে লাগসই প্রযুক্তি বিষয়ে সার্বক্ষণিকভাবে গবেষণারত ছাত্রছাত্রী/গবেষক এ ফেলোশিপের জন্য যোগ্য বিবেচিত হবে। লাগসই প্রযুক্তি ফেলোশিপের জন্য কোন বিশ্ববিদ্যালয়/কলেজ হতে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী অথবা সরকার কর্তৃক অনুমোদিত বৃত্তিমূলক ইনস্টিটিউট থেকে প্রশিক্ষণপ্রাপ্ত অথবা টেকনিক্যাল ইনস্টিটিউট থেকে ডিপ্লোমাপ্রাপ্ত অথবা লাগসই প্রযুক্তি উদ্ভাবন ও উন্নয়নে বিশেষ স্বোপার্জিত কারিগরি জ্ঞান সম্পন্ন হতে হবে।<br>বয়স: অনূর্ধ্ব ৩০ বছর।<br><br>(ii) *সাধারণ ফেলোশিপ-১ (এমএস)*: বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয়ে সার্বক্ষণিকভাবে বিজ্ঞান, প্রকৌশল, কৃষি, চিকিৎসাবিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর শ্রেণিতে (গবেষণা/থিসিস গ্রুপে) অধ্যয়নরত/গবেষণারত ছাত্রছাত্রীগণ এ ফেলোশিপের জন্য যোগ্য বিবেচিত হবে। সাধারণ ফেলোশিপ-১ এর জন্য এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় (GPA- ন্যূনতম ৪.৫/প্রথম বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পর্যায়ে CGPA- ন্যূনতম ৩.৪ (স্কেল-৪ এর ক্ষেত্রে) এবং CGPA- ন্যূনতম ৪.২৫ (স্কেল-৫ এর ক্ষেত্রে) অথবা প্রথম শ্রেণি/সমমান হতে হবে। তবে শিক্ষা মন্ত্রণালয়ের ০২ জুন ২০০৯ খ্রিঃ তারিখের শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এসএসসি বা সমমান এবং ২০০৩ সনের এইচএসসি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে GPA-৪.০ বা তদূর্ধ্বকে বিবেচনা করা হবে।<br>বয়স: অনূর্ধ্ব ৩০ বছর।<br><br>(iii) *সাধারণ ফেলোশিপ-২ (এমফিল)*: বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয়ে সার্বক্ষণিকভাবে বিজ্ঞান, প্রকৌশল, কৃষি, চিকিৎসাবিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে এমফিল সমমান শ্রেণিতে (গবেষণা/থিসিস গ্রুপে) অধ্যয়নরত/গবেষণারত ছাত্রছাত্রীগণ এ ফেলোশিপের জন্য যোগ্য বিবেচিত হবে। সার্বক্ষণিক সাধারণ ফেলোশিপ-২ এর জন্য এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় GPA- ন্যূনতম ৪.৫/প্রথম বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে CGPA- ন্যূনতম ৩.২ (স্কেল-৪.০ এর ক্ষেত্রে) এবং CGPA- ন্যূনতম ৪.০ (স্কেল-৫ এর ক্ষেত্রে) অথবা প্রথম শ্রেণি/সমমান হতে হবে।<br>বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর। | প্রতি বছরের মে মাসের মধ্যবর্তী সময় | প্রতি বছরের ৩০ জুন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (iv) *ঊর্ধ্বতন ফেলোশিপ (পিএইচডি)*: বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয়ে সার্বক্ষণিকভাবে বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডিতে অধ্যয়নরত/গবেষণারত ছাত্রছাত্রীগণ এ ফেলোশিপের জন্য যোগ্য বিবেচিত হবে। ফেলোশিপের জন্য এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় GPA- ন্যূনতম ৪.৫/প্রথম বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে CGPA- ন্যূনতম ৩.২ (স্কেল-৪.০ এর ক্ষেত্রে) এবং CGPA- ন্যূনতম ৪.০ (স্কেল-৫ এর ক্ষেত্রে) অথবা প্রথম শ্রেণি/সমমান হতে হবে।<br>বয়স: অনূর্ধ্ব ৪৫ বছর।<br><br>(v) *পোস্ট-ডক্টরাল ফেলোশিপ*: বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডিধারী কোন গবেষক বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয়ে সার্বক্ষণিকভাবে বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট-ডক্টরাল গবেষণারত থাকলে তিনি এ ফেলোশিপের জন্য যোগ্য বিবেচিত হবেন।<br>বয়স: অনূর্ধ্ব ৫২ বছর। | | |
| ০৩ | **গবেষণা কার্যক্রম খাতের আওতায় প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্প:** বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান অথবা ব্যক্তিগত পর্যায়ে গবেষণারত বিজ্ঞানীগণকে প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদান প্রদান করা হয়। | (ক) অনুমোদিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান/উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে গবেষণা প্রকল্প পরিচালনাকারী শিক্ষক/গবেষকগণ তাঁদের গবেষণা প্রকল্পের জন্য আবেদন করবেন।<br>(খ) আবেদনকারীর সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা হবে স্নাতকোত্তর। | প্রতি বছরের মে মাসের মধ্যবর্তী সময় | প্রতি বছরের ৩০ জুন |
| ০৪ | **'বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানসমূহের মঞ্জুরি' খাতের আওতায় বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানসমূহে অনুদান প্রদান:** বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট উন্নয়নমূলক কাজ, জার্নাল প্রকাশনা এবং সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা ও প্রদর্শনী আয়োজনে সহায়তার লক্ষ্যে বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানসমূহে অনুদান প্রদান করা হয়। | (ক) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কার্যাবলী পরিচালনা/উন্নয়নমূলক কাজ সম্পাদন/বিজ্ঞান বিষয়ক জার্নাল প্রকাশনা এবং সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী আয়োজনকারী বিশ্ববিদ্যালয়/বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠান এবং বিজ্ঞানসেবী সংস্থা আর্থিক অনুদানের জন্য আবেদন করতে পারে।<br>(খ) আবেদনকারী প্রতিষ্ঠানের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সনদ থাকতে হবে। | প্রতি বছরের মে মাসের মধ্যবর্তী সময় | প্রতি বছরের ৩০ জুন |
| ০৫ | **বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানকে আথিক অনুদান প্রদান:** বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রমের গতিশীলতা আনয়ন এবং বিজ্ঞানাগারে ব্যবহার্য কেমিক্যালস/যন্ত্রপাতি ক্রয়ে সহায়তার লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে অনুদান প্রদান করা হয়। | (ক) আর্থিক অনুদান প্রাপ্তির জন্য আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার (UNO)/ অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি (মেট্রোপলিটন এলাকার জন্য) এর প্রত্যয়ন নিতে হবে;<br>(খ) বাংলাদেশ সরকারের শিক্ষা বোর্ডসমূহের স্বীকৃতিপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বিজ্ঞান বিভাগের অনুমোদন থাকতে হবে;<br>(গ) প্রতি অর্থবছরে নিয়মিত প্রকাশনা, সম্মেলন, সিম্পোজিয়াম, কর্মশালা বা প্রদর্শনীর আয়োজন করতে হবে;<br>(ঘ) শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে;<br>(ঙ) শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বাংলাদেশের যে কোন তপশিলি ব্যাংকে একটি চলতি অনলাইন হিসাব থাকতে হবে এবং মাসভিত্তিক গচ্ছিত অর্থের ব্যাংক সার্টিফেকেট দাখিলের নিশ্চয়তা প্রদানসহ এ মর্মে একটি সনদপত্র/অঙ্গীকারনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;<br>(চ) শিক্ষা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অডিট রিপোর্টসহ বার্ষিক আয়-ব্যয় এবং অন্যান্য উৎস থেকে প্রাপ্ত সরকারি অনুদানের বিবরণী দাখিল করতে হবে; এবং<br>(ছ) বিগত সময়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে কোন অনুদান পাওয়া গেলে উক্ত অনুদানের ব্যয়-বিবরণী দাখিল করতে হবে। | প্রতি বছরের মে মাসের মধ্যবর্তী সময় | প্রতি বছরের ৩০ জুন |